

## **া** মুয়াতা মালিক

হাদিস নাম্বারঃ ৯২৯

২০. হজ (كتاب الحج)

পরিচ্ছেদঃ ৭৬. বন্য পশু-পাখি হত্যার ফিদয়া

# بَابِ فِدْيَةِ مَا أُصِيبَ مِنْ الطَّيْرِ وَالْوَحْشِ

#### আরবী

وَحَدَّتَنِي عَنْ مَالِك عَنْ عَبْدِ الْمَلِك بْنِ قُرَيْرٍ عَنْ مُحَمَّد بْنِ سِيرِينَ أَنَّ رَجُلًا جَاءَ إِلَى عُمَرَ بْنِ الْخَطَّابِ فَقَالَ إِنِّي أَجْرَيْتُ أَنَا وَصَاحِبٌ لِي فَرَسَيْنِ نَسْتَبِقُ إِلَى ثُغْرَةِ ثَنِيَّةٍ فَأَصَبْنَا طُبْيًا وَنَحْنُ مُحْرِمَانِ فَمَاذَا تَرَى فَقَالَ عُمَرُ لِرَجُل إِلَى جَنْبِهِ تَعَالَ حَتَّى أَحْكُم أَنَا وَأَنْتَ طَبْيًا وَنَحْنُ مُحْرِمَانِ فَمَاذَا تَرَى فَقَالَ عُمَرُ لِرَجُل إِلَى جَنْبِهِ تَعَالَ حَتَّى أَحْكُم أَنَا وَأَنْتَ قَالَ فَحَكَمَا عَلَيْهِ بِعَنْزٍ فَوَلَّى الرَّجُلُ وَهُو يَقُولُ هَذَا أَمِيرُ الْمُؤْمِنِينَ لَا يَسْتَطِيعُ أَنْ يَحْكُم فَيْ الرَّجُلُ وَهُو يَقُولُ هَذَا أَمِيرُ الْمُؤْمِنِينَ لَا يَسْتَطِيعُ أَنْ يَحْكُم فِي ظَبْي حَتَّى دَعَا رَجُلًا يَحْكُمُ مَعَهُ فَسَمِعَ عُمَرُ قَوْلَ الرَّجُلِ فَدَعَاهُ فَسَأَلَهُ هَلْ تَقْرَأُ سُورَةَ الْمَائِدَةِ قَالَ لَا قَالَ لَوْ أَخْبُرْتَنِي أَنْكَ الْمَائِدَةِ قَالَ لَا قَالَ لَوْ أَخْبُرْتَنِي أَنْكَ الْمَائِدَةِ قَالَ لَا قَالَ لَوْ أَخْبُرْتَنِي أَنْكَ اللّهَ تَبَارَكَ وَتَعَالَى يَقُولُ فِي كِتَابِهِ يَحْكُمُ بِهِ تَقُلُ أُسُورَةَ الْمَائِدَةِ لَأَوْجَعْتُكَ ضَرْبًا ثُمَّ قَالَ إِنَّ اللَّهَ تَبَارَكَ وَتَعَالَى يَقُولُ فِي كِتَابِهِ يَحْكُمُ بِهِ نَوْلُ عَرْفُ مِعْنُكَ مَرْبًا لَا لَكَعْبَةِ وَهَذَا عَبْدُ الرَّحْمَنِ بْنُ عَوْفٍ

#### বাংলা

রেওয়ায়ত ২৩৩. মুহাম্মদ ইবন সীরীন (রহঃ) বর্ণনা করেন, এক ব্যক্তি উমর ইবন খাত্তাব (রাঃ)-এর নিকট আসিয়া বলিলঃ আমি ও আমার সঙ্গী একটি গিরিবর্তে আমাদের ঘোড়া দৌড়াইয়া ইহরাম অবস্থায় একটি হরিণ শিকার করিয়া ফেলিয়াছি। উমর (রাঃ) তখন পার্শ্বে উপবিষ্ট এক ব্যক্তিকে বলিলেনঃ চলুন, আমরা দুইজনে ইহার একটি ফয়সালা করিয়া দেই। শেষে তাহারা উভয়ে ঐ ব্যক্তির উপর একটা বকরী ফিদয়া প্রদানের বিধান দেন। ঐ ব্যক্তি ফিরিয়া যাইতে যাইতে বলিতেছিলঃ ইনি আমিরুল মু'মিনীন, যিনি অন্যের সহযোগিতা ভিন্ন একটি হরিণের ফয়সালা দিতে পারিলেন না। উমর (রাঃ) তাহার উক্তি শুনিয়া ফেলিলেন। তাহাকে ডাকিয়া বলিলেনঃ তুমি কুরআনুল কারীমের সূরা-ই-মায়িদা পড়িয়াছ কি? সে বলিলঃ জি, না। তিনি বলিলেনঃ যিনি আমার সঙ্গে ফয়সালা দিয়াছেন তাহাকে চিন? সে বলিলঃ জি, না। উমর (রাঃ) তখন বলিলেনঃ যদি সূরা-ই-মায়িদা পড়িয়াছ বলিতে তবে তোমাকে আমি আজ শান্তি দিতাম। আল্লাহ্ তা'আলা তাহার কিতাবে (সূরা-ই-মায়িদায়) ইরশাদ করিয়াছেনঃ "তোমাদের দুইজন ন্যায়নিষ্ঠ সত্যবাদী ব্যক্তি ফিদয়া সম্পর্কে ফয়সালা করিয়া দিবে। উহা কুরবানীর জন্য হইবে যাহা মক্কায় পৌছিবে।" আর যিনি আমার সহিত ফয়সালা প্রদানে সহযোগিতা করিয়াছেন ইনি হইতেছেন আবদুর



রহমান ইবন আউফ (রাঃ)।

### **English**

Yahya related to me from Malik from Abd al-Malik ibn Qurayr from Muhammad ibn Sirin that a man came to Umar ibn al-Khattab and said, "I was racing a friend on horseback towards a narrow mountain trail and we killed a gazelle accidently and we were in ihram. What is your opinion?" Umar said to a man by his side, "Come, so that you and I may make an assessment." They decided on a female goat for him, and the man turned away saying, "This amir al-muminin cannot even make an assessment in the case of a gazelle until he calls a man to decide with him." Umar overheard the man's words and called him and asked him, "Do you recite surat al-Ma'ida?" and he said, "No." He said, "Then do you recognize this man who has taken the decision with me?" and he said, "No." He said, "If you had told me that you did recite surat al-Ma'ida, I would have dealt you a blow." Then he said, "Allah the Blessed, the Exalted says in His Book, 'as shall be judged by two men of justice among you, a sacrificial animal to reach the Kaba' (Sura 5 ayat 95), and this is Abd ar-Rahman ibn Awf."

হাদিসের মান: তাহকীক অপেক্ষমাণ পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ ইসলামিক ফাউন্ডেশন 🛘 বর্ণনাকারীঃ ইবনু সীরীন (রহঃ)

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন